

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২ ৪৫৮

সোনামুড়া, ১৪ জানুয়ারি, ২০২৫

সোনামুড়ার বটতলীতে দু'দিনব্যাপী পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন  
পৌষ সংক্রান্তি ভারতীয় কৃষি-সংস্কৃতির এক বহমান পরম্পরা ধারা : অর্থমন্ত্রী

পৌষ সংক্রান্তি ভারতীয় কৃষি-সংস্কৃতির এক বহমান পরম্পরা ধারা। পৌষ সংক্রান্তি বা মকর সংক্রান্তি আমাদের রাজ্যের বিভিন্ন জায়গায় পরম্পরাগত ভাবে পালন করা হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত হয় মেলা ও উৎসব। রাজ্য সরকার এ সমস্ত মেলা ও উৎসব আয়োজনে সহযোগিতা করে আসছে। গতকাল তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং নলচূড় পঞ্চায়েত সমিতির যৌথ উদ্যোগে সোনামুড়া মহকুমার বটতলীতে দু'দিনব্যাপী পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় একথা বলেন। অনুষ্ঠানে অর্থমন্ত্রী বলেন, আমাদের দেশ ও রাজ্য বহু ভাষাভাষী এবং ধর্মের মানুষের মিলন ক্ষেত্র। রাজ্যের সকল অংশের মানুষের কৃষি ও সংস্কৃতির বিকাশে সরকার উদ্যোগ নিয়েছে।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারত গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন। সেই লক্ষ্যে বর্তমান রাজ্য সরকার বিকশিত ত্রিপুরা গড়ার জন্য কাজ করছে। এই কাজে রাজ্যের জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল অংশের মানুষের অংশগ্রহণ জরুরী। সরকার চাইছে প্রবৃদ্ধির জন্য অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন। অনুষ্ঠানে বিধায়ক রামপদ জমাতিয়া পৌষ সংক্রান্তি মেলার ঐতিহ্য ও তাৎপর্য তুলে ধরে বিস্তৃত আলোচনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক কিশোর বর্মণ, এমডিসি পদালোচন ত্রিপুরা, জমাতিয়া হৃদা জ্যোতিষ জমাতিয়া, নোয়াতিয়া হৃদা প্রতারায় নোয়াতিয়া, ত্রিপুরী হৃদা পূর্ণচন্দ্র দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নলচূড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপন কুমার দাস। স্বাগত বক্তব্য রাখেন মেলা কমিটির যুগ্ম আহায়ক তথা নলচূড় ঝুকের বিডিও সুরঞ্জিত সরকার। উপস্থিতি ছিলেন সোনামুড়া মহকুমা মহকুমা শাসক মহেন্দ্র কামু চাকমা, চন্দনমুড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান সুনীল চন্দ্র দাস, প্রাক্তন মন্ত্রী বিল্লাল মিএও প্রমুখ।

\*\*\*\*\*